

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সংবাদ মাধ্যমে সত্যনিষ্ঠ ও সঠিক সংবাদ পরিবেশনের উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উন্নয়ন প্রকল্পের অগ্রগতি এবং অভিজ্ঞতা সংকলিত করার উপর জোর দিয়েছেন।
- (৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল হরিয়ানার ফরিদাবাদে উত্তরাঞ্চল আঞ্চলিক পর্যদের ৩২-তম সভায় সভাপতিত্ব করবেন।
- (৪) ত্রিপুরা ও রেলওয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে গুজরাটের ভালসাদে শুরু হয়েছে।

Press Day-National:

আজ জাতীয় প্রেস দিবস। স্বাধীন ও দায়িত্বশীল সংবাদমাধ্যমের ভূমিকা পালনের আস্থানে প্রতি বছর দিবসটি পালিত হয়। ১৯৬৬ সালে আজকের দিনে প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়ার প্রতিষ্ঠা হয়েছিল।

NATIONAL PRESS DAY -C.M.

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সংবাদ মাধ্যমে তথ্যনিষ্ঠ ও সঠিক সংবাদ পরিবেশনের উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ জাতীয় প্রেস দিবস উপলক্ষে আগরতলার সুকান্ত একাডেমিতে রাজ্য সরকারের তথ্য সংস্কৃতি দপ্তর এবং আগরতলা প্রেস ক্লাবের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা

বলেন। মুখ্যমন্ত্রী, বিভিন্ন সামাজিক মাধ্যমে অসত্য ও ব্যক্তিগত কুৎসামূলক সংবাদ পরিবেশনে উদ্বেগ প্রকাশ করেন। তিনি এই ধরনের অসত্য, ভুল ও অতিরঞ্জিত সংবাদ পরিবেশন থেকে বিরত থাকতে অনুরোধ জানান। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সংবাদ মাধ্যমের স্বাধীনতাকে গুরুত্ব দেয়।

#####Byte C.M#####

অনুষ্ঠানে ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ সংবাদ পরিবেশনে সাংবিধানিক পরিধি, নীতিবোধ ও শিষ্ঠাচার রক্ষা করে চলার উপর গুরুত্ব দেন। অনুষ্ঠানে আলোচনা করেন তথ্য সংস্কৃতি সচিব ড: পি কে চক্রবর্তী, বিশিষ্ট সাংবাদিক মানস পাল, আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রনব সরকার, বিশিষ্ট সাংবাদিক শাণিত দেবরায়া। অনুষ্ঠানে রাজ্যের দুই সাংবাদিক অনুপম ভট্টাচার্য ও প্রানময় সাহাকে সংবর্ধনা জানানো হয়। সংবর্ধনা হিসাবে মুখ্যমন্ত্রী তাদের হাতে ফলক, মানপত্র, ও নগদ অর্থ তুলে দেন।

Vice president:

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান, তরুণদের মধ্যে আশাবাদ জাগিয়ে তোলার জন্য দেশের ইতিবাচক অগ্রগতি তুলে ধরতে মিডিয়ার গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করেছেন। আজ নতুন দিল্লিতে মনোরমা নিউজমেকার পুরস্কার ২০২১ অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন, যাঁদের জন্য কথা বলার কেউ নেই, সাংবাদিকতা তাঁদের কণ্ঠস্বর হিসেবে কাজ করে। তিনি জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির মাধ্যমে মাদকমুক্ত সমাজ গঠনে সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি কেন্দ্রীয় পর্যটন এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী সুরেশ গোপীকে মনোরমা

নিউজমেকার পুরস্কার প্রদান করেন। তিনি চলচ্চিত্র এবং রাজনীতি উভয় ক্ষেত্রেই সফল হওয়ার জন্য শ্রী গোপীর প্রশংসা করেন।

I & B Minister:

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান আজ নতুন দিল্লিতে জাতীয় প্রেস দিবস, ২০২৫ উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া-র চেয়ারপার্সন বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই। সাংবাদিকদের শ্রী বৈষ্ণব বলেন, আমাদের গণতন্ত্রে সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি উল্লেখ করেন, কীভাবে ভুল তথ্য প্রতিরোধ করা যায় এবং সংবাদপত্রের বিশ্বাসযোগ্যতা রক্ষা করা যায়, জাতীয় প্রেস দিবস উপলক্ষে সে বিষয়ে এক বক্তৃতা অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে তিনি সাংবাদিক ও গণমাধ্যমের কর্মীদের অভিনন্দন জানান।

PM in Surat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুরুত্ব দিয়ে বলেছেন, যখন জাতির জন্য কাজ করার এবং নতুন কিছু করার অনুভূতি জাগে, তখন তা অনুপ্রেরণার উৎস হয়ে ওঠে। শ্রী মোদি গতকাল সুরাতে ভারতের প্রথম বুলেট ট্রেন প্রকল্প রূপায়ণকারী দলের সাথে আলাপকালে একথা বলেন।

প্রধানমন্ত্রী গতি ও সময়সূচি লক্ষ্যমাত্রা মেনে সুরাতে প্রকল্পের অগ্রগতি সম্পর্কে খোঁজখবর নেন। শ্রী মোদি বলেন, প্রকল্পের অর্জিত অভিজ্ঞতাগুলি যদি রু বুকের মতো রেকর্ড করা এবং সংকলিত করা হয়, তবে ভারত বুলেট ট্রেনের বৃহৎ আকারের বাস্তবায়নের দিকে এগিয়ে যেতে পারে।

#####PM Byte#####

তিনি জোর দিয়ে বলেন, দেশকে অবশ্যই বারবার পরীক্ষা-নিরীক্ষা এড়াতে হবে এবং পরিবর্তে চালু মডেলগুলি থেকে শিক্ষা গ্রহণ করতে হবে। শ্রী মোদি পরামর্শ দিয়ে বলেন, এই ধরনের রেকর্ড থেকে ভবিষ্যতের ছাত্ররা উপকৃত হতে পারে এবং জাতি গঠনে অবদান রাখতে পারে। সফরকালে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবও উপস্থিত ছিলেন।

BJP Yuba Sammelon:

টাউন বড়দোয়ালী যুব মোর্চার উদ্যোগে আজ সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহ অনুষ্ঠিত হলো ‘আঅনির্ভর ভারত সংকল্প অভিযান’ শীর্ষক যুব সম্মেলন কর্মসূচি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আঅনির্ভর ভারত গঠন ও হর ঘর স্বদেশী দ্রব্যাদি রাখার আহ্বানকে সামনে রেখেই এদিনের যুব সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিজেপি’র সদর শহর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Gomati district CMO Office Success Story :

গোমতি জেলায় মশাবাহিত রোগ সংক্রমন নিয়ন্ত্রণে বহুমুখী পদক্ষেপ ডেঙ্গু ও ম্যালেরিয়ার মত পতঙ্গ বাহিত রোগ মোকাবিলায় সাফল্য নিশ্চিত করা গেছে। চলতি বছরে জেলায় এই ধরনের রোগে মৃত্যুর ঘটনা নেই বলে জানিয়েছে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়। একটি প্রতিবেদন।

#####V/O#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Home Minister:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল হরিয়ানার ফরিদাবাদে উত্তরাঞ্চল আঞ্চলিক পর্ষদের ৩২-তম সভায় সভাপতিত্ব করবেন। বৈঠকে আঞ্চলিক ও জাতীয় প্রাসঙ্গিক বিষয়গুলি নিয়ে আলোচনা হবে। হরিয়ানা, হিমাচল প্রদেশ, পাঞ্জাব, রাজস্থান, দিল্লি, জম্মু ও কাশ্মীর, লাদাখ এবং চণ্ডীগড়ের উচ্চস্তরীয় আধিকারিকরা অংশ নেবেন। রাজ্য পুনর্গঠন আইন, ১৯৫৬-এর অধীনে গঠিত, আঞ্চলিক পর্ষদগুলি একাধিক রাজ্যের সাথে জড়িত বিষয়গুলিকে মোকাবেলা করার জন্য উপদেষ্টা সংস্থা হিসাবে কাজ করে। গত ১১ বছরে, বিভিন্ন আঞ্চলিক পর্ষদ এবং তাদের স্থায়ী কমিটির মোট ৬৩-টি সভা অনুষ্ঠিত হয়েছে।

Science Fair:

পশ্চিম জেলা ভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা আজ সূর্যমনিগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের উদ্যোগে অনুষ্ঠিত এই মেলার উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল প্রমুখ। আগামী ১২ জানুয়ারি দিনিতে জাতীয় যুব উৎসব ও বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে। এর আগে রাজ্যে জেলা ভিত্তিক ও রাজ্যস্তরীয় যুব উৎসব ও বিজ্ঞান মেলার আয়োজন করা হচ্ছে।

Ambulance:

বনমালীপুর কেন্দ্রের বিধায়ক গোপালচন্দ্র রায়ের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে উত্তর বনমালীপুরের ইয়ংস কর্ণার ক্লাবকে একটি অ্যাম্বুলেন্স প্রদান করা হয়েছে। আজ অ্যাম্বুলেন্স প্রদানকালে উপস্থিত ছিলেন বিধায়ক গোপাল চন্দ্র রায় সহ কর্পোরেটর ও ক্লাব কর্মকর্তারা। ব্যয় হয়েছে প্রায় ৮ লক্ষ টাকা।

Drawing Competition-Santirbazar:

দক্ষিণ জেলার শান্তিরবাজার থানায় আজ শিশুদের বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় চারটি বিভাগে ১৫০ জনের বেশি অংশগ্রহণ করে। পুলিশ আধিকারিক রাজু দত্ত জানান, আগামী বুধবার শ্যামাপূজার সন্ধ্যায় প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হবে।

DYFI :

শহীদ বিপ্লবী কর্তার সিং সারাভারের ১১১ তম শহিদান দিবস উপলক্ষে আজ মেলারমাঠ ছাত্র ভবনের সামনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা করেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী ও অন্যান্য নেতৃবৃন্দ।

এদিকে আজ বিলোনিয়ায়ও শহীদ বিপ্লবী কর্তার সিং সারাভারের শহীদান দিবস পালিত হয়। বিধায়ক দীপংকর সেন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস।

Ranji Trophy:

ত্রিপুরা ও রেলওয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে গুজরাটের ভালসাদে শুরু হয়েছে। সর্দার প্যাটেল স্টেডিয়ামে টসে জিতে রাজ্যদল প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় এবং প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৩৬ রান তুলতে সক্ষম হয়। দলের পক্ষে বিজয় শংকর ৪৪ ও বাবুল দে ৪২ রান করেন। জবাবে রেলওয়ে প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ২ উইকেট ১৪৯ রান করে।

Coach Bihar Trophy:

ত্রিপুরা ও হরিয়ানার মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টেসে জিতে রাজ্যদল প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে সফরকারী হরিয়ানা প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭২ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৫৯ রান করে।
